দৈনিক সংবাদ

তারিখ 24 OCT 1992
পৃষ্ঠা ৬ কলাম ৫

46

# চুয়াডাঙ্গার মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রসংখ্যা কমে যাচ্ছে

## শিক্ষকের অভাব ।। আসবাবপত্রের সংকট

চুয়াডাঙ্গা, ২৩শে অক্টোবর (সংবাদদাতা)।– শিক্ষক সংকট, প্রয়োজনীয় আসবাবপত্র ও বিজ্ঞান যন্ত্রপাতির অভাবসহ অন্যান্য শিক্ষা উপকরণের অভাবে চুয়াডাঙ্গা জেলার মাধ্যমিক শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। অধিকাংশ বিদ্যালয় ঘরের জরাজীর্ণ অবস্থা। চুয়াডাঙ্গা সদর থানাসহ ৪টি থানায় মোট ৪৫টি উচ্চ বিদ্যালয় ও ১৪টি জুনিয়র উচ্চ বিদ্যালয় আছে। এর মধ্যে সদর থানায় ২টি সরকারী বিদ্যালয় ছাড়া অন্যান্য বিদ্যালয়ের অবস্থা অত্যন্ত করুণ। বিদ্যালয়গুলোর ঘর অধিকাংশই কাঁচা। কোন কোন বিদ্যালয়ে দালান সংস্কারের অভাবে প্লাস্টার খসে খসে পড়ছে। জুনিয়র উচ্চ বিদ্যালয় ঘরগুলোতে টিন, খড় ইত্যাদির ছাউনি। সামান্য ঝড়-বৃষ্টিতে ছাউনি দিয়ে পানি পড়ে।

এছাড়াও টেবিল, চেয়ার, বেঞ্চ, আলমারি, ব্লাকবোর্ডের অভাব তীব্র, বিজ্ঞান গবেষণাগারের প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্রের অভাবে বিজ্ঞানচর্চা ব্যাহত হচ্ছে। অনেক বিদ্যালয়ে খাবার পানির ব্যবস্থা নেই। নলকূপ থাকলেও তা অচল হয়ে থাকে বছরের পর বছর। অনেক বিদ্যালয়ে শৌচাগারের ব্যবস্থা না থাকায় ছাত্রছাত্রী ও শিক্ষকদের অসুবিধার সম্মুখীন হতে হয়। বিদ্যালয়গুলোতে খেলার মাঠ ও লাইব্রেরী নেই। এছাড়া আর্থিক সংকটের কারণে এবং শিক্ষা উপকরণের মাত্রাতিরিক্ত মূল্যবৃদ্ধির দরুন জেলার শিক্ষার্থীদের সংখ্যা আশংকাজনক হারে হ্রাস পাচ্ছে।